

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৪.১৫- ২২০

তারিখঃ- ২৬/০৭/২০১৬ খ্রিঃ।

বিষয় : ২০১৬-২০১৭ অর্থবছরে জন্য আত্মকর্মসংস্থান সৃজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র : ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৫.১৩-৩০৫ তারিখ - ২৬/০৭/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের উপজেলা, জেলা প্রশিক্ষণ কেন্দ্র, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র ও শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে কর্মরত জনবলের জন্য ২০১৬-২০১৭ অর্থবছরে আত্মকর্মসংস্থান সৃজনের জন্য পূর্ব বছরের ন্যায় জনভিত্তিক লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে :

- ক. উপ-পরিচালক, কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, সহকারী পরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ প্রতিমাসে ন্যূনতম ৩জন করে আত্মকর্মী সৃজনের সুযোগ সৃষ্টি করে সংশ্লিষ্টদেরকে আত্মকর্মে নিয়োজিত করবেন ;
 - খ. প্রত্যেক সিএস প্রতি মাসে ন্যূনতম ৩জন করে আত্মকর্মী সৃজনের সুযোগ সৃষ্টি করে সংশ্লিষ্টদেরকে আত্মকর্মে নিয়োজিত করবেন ;
 - গ. জেলার সিনিয়র প্রশিক্ষক, প্রশিক্ষক, জুনিয়র প্রশিক্ষক, ডেমনস্ট্রেটর প্রতিমাসে ন্যূনতম ২জন করে আত্মকর্মী সৃজনের সুযোগ সৃষ্টি করে সংশ্লিষ্টদেরকে আত্মকর্মে নিয়োজিত করবেন ;
 - ঘ. যুব প্রশিক্ষণ কেন্দ্রের সিডিও, সিনিয়র প্রশিক্ষক, প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক, মৎস্য সহকারী প্রতিমাসে ন্যূনতম ২জন করে আত্মকর্মী সৃজনের সুযোগ সৃষ্টি করে সংশ্লিষ্টদেরকে আত্মকর্মে নিয়োজিত করবেন;
 - ঙ. জেলা কার্যালয়, আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র এবং উপজেলায় পরিচালিত বিশেষ প্রশিক্ষণের (আউটসোর্সিং, বিউটিফিকেশন, কোমর তাঁত, হাউসকিপিং, সৌরবিদ্যুৎ, ওভেনসুইচিং, ক্যাটারিং, কবুতর পালন, সেলসম্যানশিপ, ফ্যাশন ডিজাইন ইত্যাদি) ন্যূনতম ৫০ ভাগ প্রশিক্ষার্থীদের আত্মকর্মী/ কর্মসংস্থানের সুযোগ তৈরী করে আত্মকর্মে নিয়োজিত করতে হবে।
- পরিবারভিত্তিক ঋণ কার্যক্রমের ১ম দফার সকল সদস্যকেই আত্মকর্মে নিয়োজিত করণের সুযোগ তৈরী করতে হবে। অনুচ্ছেদ ১ এর গ এবং ঘ এ বর্ণিত লক্ষ্যমাত্রা ক ও খ অনুচ্ছেদে নির্ধারিত লক্ষ্যমাত্রার অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।
 - বিশেষ প্রশিক্ষণ যে কার্যালয়/ইউনিটের মাধ্যমে প্রদান করা হবে সে ইউনিট (উপজেলা/জেলা/যুব প্রশিক্ষণ কেন্দ্র/শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র/কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র) প্রধানগণ নিজে ও তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা ও সহকর্মীদের মাধ্যমে এ অর্জন নিশ্চিত করবেন।
 - মাসিক অগ্রগতির প্রতিবেদনে আত্মকর্মী সৃজনের যে সব তথ্য প্রেরণ করা হবে তার যথার্থতা যাচাইয়ের লক্ষ্যে অধিদপ্তর হতে নিবিড় মনিটরিং করা হবে। কাজেই এ বিষয়ে যথাযথ ও প্রকৃত তথ্য সম্বলিত অগ্রগতির প্রতিবেদন পাঠাতে সংশ্লিষ্টগণকে দায়িত্বশীল ও অধিকতর মনযোগী হতে হবে।
 - অতএব সংশ্লিষ্ট সকল ইউনিট/অফিস প্রধানগণকে বছরের শুরুতে তার এবং নিজের নিয়ন্ত্রণাধীন জনবলের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কর্মপরিকল্পনা প্রণয়ন এবং সূত্রোক্ত পত্রের গাইড লাইন/পরামর্শ অনুসরণ করে যথাযথভাবে আত্মকর্মসংস্থান সৃজন ও তার রেকর্ড সংরক্ষণপূর্বক প্রতি মাসের ১২ তারিখের মধ্যে নির্ধারিত ছকে প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন- ৯৫৫৯৩৮৯
E:mail-dgdydhy@gmail.com

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৪.১৫- ২২০

তারিখঃ- ২৬/০৭/২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। পরিচালক শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, সাভার, ঢাকা।
- ০২। উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/অধ্যক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল)জেলা/যুব প্রশিক্ষণ কেন্দ্র ও কোঃমাঃসঃউঃকেঃ ----জেলা ;
- ০৩। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল) জেলা।
- ০৪। সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, আইসিটি ও ----- (সকল) জেলা।
- ০৫। সিনিয়র প্রশিক্ষক/ সিডিও, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল) জেলা।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল)উপজেলা-----জেলা।
- ০৭। প্রশিক্ষক/ জুনিয়র প্রশিক্ষক/ সহকারী প্রশিক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) জেলা।
- ০৮। ক্রেডিটসুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) উপজেলা-----জেলা।
- ০৯। ডেমনস্ট্রেটর, জেলা ও যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) জেলা।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১১। অফিস নথি।

(নাসরিন আক্তার)

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার(দাঃবিঃ ও ঋণ)